## কলাস্নাতক অন্ত্য-সেমেস্টার পরীক্ষা, ২০২৪

## দ্বিতীয় বর্ষ, তৃতীয় সেমেস্টার

## সাম্মানিক বাংলা

## কোর্স : SEC ৩.৪

## মুদ্রণ, প্রকাশনা ও অন্যান্য

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৩০

*বিভাগ-ক এবং বিভাগ-খ থেকে অন্তত একটি করে প্রশ্নসহ মোট তিনটি প্রশ্নের উত্তর দাও।*

### বিভাগ-ক

১. ১৭৭৮ খ্রিষ্টাব্দ থেকে ১৯৩৫ খ্রিষ্টাব্দ পর্যন্ত মুদ্রণের ক্ষেত্রে বাংলা হরফের যে প্রযুক্তিগত বিবর্তন ঘটেছে তার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১০

২. বাংলা বইয়ের প্রকাশনায় বটতলার ভূমিকা আলোচনা করো। প্রসঙ্গক্রমে এর স্থানিক ও কালগত ব্যাপ্তির বিবরণ দাও। ১০

৩. জ্ঞাপনের মাধ্যম হিসেবে বিজ্ঞাপন কত ধরনের হতে পারে? বাণিজ্যিক বিজ্ঞাপনের ক্ষেত্রে প্রকাশন (expression), প্ররোচনা (persuasion), অতিরঞ্জন (redundancy) কেমনভাবে গুরুত্ব পায় জানাও। বিজ্ঞাপন নির্মাণের ক্ষেত্রে Look-Like-Learn-Purchase-এর নীতিকে কেমনভাবে ব্যবহার করা হয় উদাহরণ দিয়ে দেখাও। ১০





### বিভাগ-খ

১. হার্ড নিউজ ও সফ্‌ট নিউজ বলতে কী বোঝো? এদের পার্থক্য সংক্ষেপে চিহ্নিত করো। হার্ড নিউজের ক্ষেত্রে প্রতিবেদন রচনার সাধারণ সূত্রাবলির উল্লেখ করো। ৪+২+৪=১০

২. ডেস্ক্ রিপোর্টিং বিষয়টি বুঝিয়ে দাও। সাংবাদিকতা এই ডিজিটাল যুগে কোথায় দাঁড়িয়ে — তোমার সংবাদ দেখা, শোনা ও পড়ার প্রাত্যহিক অভিজ্ঞতা থেকে বিবৃত করো। ৪+৬=১০

৩. গ্রন্থাগারের শ্রেণিবিভাগ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। বর্তমানে বৈদ্যুতিন গ্রন্থাগারের (digital library) গুরুত্ব সংক্ষেপে বিবৃত করো। ৬+৪=১০

৪. অভিলেখ্যাগার কী? গ্রন্থাগারের সঙ্গে অভিলেখ্যাগারের পার্থক্য লেখো। অভিলেখ্যাগারের গুরুত্ব কোথায়? ২+৪+৪=১০

★ ★ ★